

# 💵 মুয়াতা মালিক

হাদিস নাম্বারঃ ১২২১

২৯. তালাক অধ্যায় (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ২২. যেই গৃহে স্ত্রীকে তালাক দেওয়া হয় সেই গৃহে ইদ্দত পালন করা প্রসঙ্গ

بَابِ مَا جَاءَ فِي عِدَّةِ الْمَرْأَةِ فِي بَيْتِهَا إِذَا طُلِّقَتْ فِيهِ

### আরবী

حَدَّتَنِي يَحْيَى عَنْ مَالِك عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ وَسُلَيْمَانَ بْنِ يَسَارٍ أَنَّهُ سَمِعَهُمَا يَذْكُرَانِ أَنَّ يَحْيَى بْنَ سَعِيدِ بْنِ الْعَاصِ طَلَّقَ ابْنَةَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْحَكَمِ الْبَتَّةَ فَانْتَقَلَهَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ الْحَكَمِ فَأَرْسَلَتْ عَائِشَةُ أُمُّ الْمُوْمِنِينَ إِلَى مَرْوَانَ بْنِ الْحَكَمِ وَهُوَ فَانْتَقَلَهَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ الْحَكَمِ فَأَرْسَلَتْ عَائِشَةُ أُمُّ الْمُوْمِنِينَ إِلَى مَرْوَانَ بْنِ الْحَكَمِ وَهُو يَوْمَئِذِ أَمِيرُ الْمَدِينَةِ فَقَالَتْ اتَّقِ اللَّهَ وَارْدُدْ الْمَرْأَةَ إِلَى بَيْتِهَا فَقَالَ مَرْوَانُ فِي حَديثِ سُلَيْمَانَ إِنَّ عَبْدَ الرَّحْمَنِ غَلَبَنِي وَقَالَ مَرْوَانُ فِي حَديثِ الْقَاسِمِ أَوَ مَا بَلَغَكِ شَأَنُ فَاطِمَةَ سَلَيْمَانَ إِنَّ عَبْدَ الرَّحْمَنِ غَلَبَنِي وَقَالَ مَرْوَانُ فِي حَديثِ الْقَاسِمِ أَوَ مَا بَلَغَكِ شَأُنُ فَاطِمَةَ لِللّهَ يَنْ مَرْوَانُ لِا تَذْكُرَ حَديثَ الْقَاسِمِ أَوَ مَا بَلَغَكِ شَأَنُ إِنْ كَانَ بِكِ بِنْتَ قَيْسٍ فَقَالَتْ عَائِشَةُ لَا يَضُرُّكَ أَنْ لَا تَذْكُرَ حَدِيثَ فَاطِمَةَ فَقَالَ مَرْوَانُ إِنْ كَانَ بِكِ الشَّرِّ فَحَسْبُكِ مَا بَيْنَ هَذَيْنِ مِنْ الشَّرِ

#### বাংলা

রেওয়ায়ত ৬৩. ইয়াহইয়া ইবন সাঈদ ইবনুল আ'স (রাঃ) আবদুর রহমান ইবন হাকাম (রহঃ)-এর কন্যাকে তালাকে আল-বাত্তা (বায়েন তালাক) দিলেন। আবদুর রহমান ইবন হাকাম কন্যাকে (স্বামীর গৃহ হইতে নিজ গৃহে) সরাইয়া নিলেন। উম্মুল মু'মিনীন আয়েশা (রাঃ) মারওয়ান ইবন হাকামের নিকট লোক প্রেরণ করিলেন। মারওয়ান তখন মদীনার গভর্নর। আয়েশা (রাঃ) বলিলেনঃ আল্লাহকে ভয় করুন এবং (ইদ্দত পালনরতা) স্ত্রীকে তাহার স্বামীর গৃহে ফেরত পাঠান। সুলায়মানের রেওয়ায়ত সম্পর্কে মারওয়ান বললেনঃ আবদুর রহমান আমার উপর জয়ী হইয়াছেন। কাসিমের রেওয়ায়ত সম্পর্কে মারওয়ান বলিলেনঃ আপনার নিকট ফাতেমা বিনত কায়েসের ব্যাপার পৌছে নাই কি? আয়েশা (রাঃ) বলিলেনঃ ফাতেমার ঘটনা[1], উল্লেখ না করিলে আপনার কোন ক্ষতি নাই (অর্থাৎ ইহাতে কোন দলীল নাই)। মারওয়ান বলিলেন; য়ি আপনার দৃষ্টিতে স্বামীর গৃহে ফাতেমার ইদ্দত পালনে কোন অসুবিধা থাকে তবে যেহেতু উভয়ের মধ্যে (আবু আমর ও তাহার স্ত্রী আমরা) যথেষ্ট অসুবিধা রহিয়াছে (যে কারণে স্বামীগৃহ ত্যাগ করিয়া অন্যত্র ইদ্দত পালন করা প্রয়োজন হইয়া পড়িয়াছে)। তাই ইহা আপনার সম্বন্তির জন্য যথেষ্ট।



### **English**

Yahya related to me from Malik thal Yahya ibn Said heard al-Qasim ibn Muhammad and Sulayman ibn Yasar both mention that Yahya ibn Said ibn al-As divorced the daughter of Abd ar-Rahman ibn al-Hakam irrevocably, so Abd ar-Rahman ibn al-Hakam took her away A'isha umm al-muminin sent to Marwan ibn al-Hakam who was the Amir of al-Madina at that time. She said, "Fear Allah and make him return the woman to her house." Marwan said in what Sulayman related, "Abd ar-Rahman has the upper hand over me." Marwan said in what al-Qasim related, "Hasn't the affair of Fatima bint Qays reached you?" A'isha said, "You are forced to mention the story of Fatima "Marwan said, "If you know that evil, whatever evil there was between those two is enough for you." (See hadith 67.)

## ফুটনোট

[1] ফাতেমা বিনত কায়স ইবন খালিদ ছিলেন ইরাকের গভর্নর যাহহাক ইবন কায়স এর বোন। তাহাকে বিবাহ করেন আবৃ আমর ইবন হাফস (রাঃ)। আবৃ আমর ছিলেন খালিদ ইবন ওয়ালীদ (রাঃ)-এর চাচাতো ভাই। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাহাকে আলী ইবন আবি তালিবের সাথে ইয়ামানে প্রেরণ করেন। সেই সময় তিনি তাহার স্ত্রীকে অবশিষ্ট তৃতীয় তালাক প্রদান করেন। ইদ্দতকালীন সময়ে আবৃ আমর ইয়ামানে ইন্তিকাল করেন। বিশেষ অবস্থার পরিপ্রেক্ষিতে তিনি স্বামীগৃহ ত্যাগ করিয়া অন্যত্র ইদ্দত পালনের জন্য রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট অনুমতি চাহিলেন। রাসুলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাহাকে অনুমতি দিলেন এবং তাঁহাকে অন্ধ সাহাবী ইবন উন্দেম মাকতুম (রাঃ)-এর গৃহে ইদ্দত পালন করার নির্দেশ দিলেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন